

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা-১০০০

গ্রুপ - 'এ'

ভর্তি বিজ্ঞপ্তি-২০২২

আগামি ২৫/১১/২০২১ তারিখ সকাল ১১:০০টা থেকে ০৮/১২/২০২১ তারিখ বিকাল ৫:০০টা পর্যন্ত অনলাইনে

<http://gsa.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদন করতে হবে। **teletalk pre-paid**

mobile নম্বর হতে **sms** এর মাধ্যমে ফি প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির শ্রেণি :

শ্রেণি	শূন্য আসন - প্রভাতি	শূন্য আসন - দিবা
তৃতীয়	১১৭	১২০
নবম	২৫ (ব্যবসায় শিক্ষা)	২২ (বিজ্ঞান)

১। আবেদন ফরমের মূল্য ১১০/- (একশত দশ টাকা)।

২। অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলী <http://gsa.teletalk.com.bd> এই ঠিকানায় পাওয়া যাবে।

জ্ঞাতব্য :

১। আবেদন ফরমে সঠিক ও সচল মোবাইল ফোন নম্বর দিতে হবে।

২। কোটা: (ক) বিদ্যালয় সংলগ্ন **Catchment area**: শাহজাহানপুর, মতিঝিল, রমনা, পল্টন, সবুজবাগ, খিলগাঁও ও মুগদা থানায় বসবাসকারীদের জন্য ৫০% কোটা সংরক্ষিত থাকবে। কোটার স্বপক্ষে ভোটার আইডি/ফ্ল্যাটের মালিকের প্রমাণ/সরকারি বাসা বরাদ্দের প্রয়োজনীয় কাগজ/ভাড়া বাসার প্রমাণ পত্র (ইউটিলিটি সার্ভিস এর বিল) দাখিল করতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার কন্যাদের (নাতনী) ভর্তির জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে।

(গ) প্রতিবন্ধি কোটা ২% সংরক্ষিত।

৩। শিক্ষার্থী কোটার দাবিদার হলে আবেদন ফরমে কোটার জন্য সঠিক অপশন নির্বাচন করতে হবে।

৪। ভর্তি ফরম সংগ্রহের সময় ৩য় ও ৯ম শ্রেণির নির্বাচিত ছাত্রীদের অভিভাবকসহ ছাত্রী ও ভর্তি পরীক্ষার **Applicants**

Copy/প্রবেশ পত্র এর স্পষ্ট প্রিন্টআউট সঙ্গে আনতে হবে।

৫। ভর্তির সময় পূর্বের বিদ্যালয়ের ছাড়পত্র ভর্তি ফরমের সঙ্গে জমা দিতে হবে।

৬। আবেদনকারী একই গ্রুপের পছন্দের ক্রমানুসারে সর্বাধিক ০৫ (পাঁচ) টি বিদ্যালয় নির্বাচন করতে পারবে এবং যে শিফটের জন্য আবেদন করবে কেবল সে শিফটে ভর্তি হতে পারবে।


৭। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি www.dshe.gov.bd এর **Secondary Circular/Order** ও www.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

৮। লটারি প্রক্রিয়ায় শিক্ষার্থী নির্বাচন আগামি ১৫/১২/২০২১ তারিখ অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

৯। লটারিতে নির্বাচিত (সাধারণ) শিক্ষার্থীদের ১৮/১২/২০২১ তারিখ, প্রভাতি শাখা: সকাল ৯.০০টা- ১০.৩০ মিনিট ও দিবা শাখা: সকাল ১০.০০টা - ১১.৩০ মিনিট পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হবে।

১০। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ১৯/১২/২০২১ তারিখ প্রভাতি শাখা: সকাল ৯.০০ টা - ১০.৩০ মিনিট ও

দিবা শাখা: সকাল ১০.০০টা- ১১.৩০ মিনিট পর্যন্ত ভর্তি ফরম বিতরণ করা হবে। কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে (শিক্ষার্থী সহ বাবা অথবা মা) সাক্ষাতকারের জন্য উপস্থিত হতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে অপেক্ষমান তালিকা থেকে শূন্য আসন পূরণ করা হবে।


প্রধান শিক্ষক

মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা

ফোনঃ ৪৮৩১৩০৩০

ই-মেইল: motijheelgovtgirls@yahoo.com